

■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ১৪৪৬

১৫/ হাদ বা দণ্ডবিধি (كتاب الحدود عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ১৬. যে পরিমাণ (মাল) চুরি করলে হাত কেটে ফেলা বৈধ হবে

بَابٌ مَا جَاءَ فِي كَمْ تُقطَعُ يَدُ السَّارِقِ

আরবী

حَدَّثَنَا قَتِيْبَةُ، حَدَّثَنَا الْلَّيْثُ، عَنْ نَافِعٍ، عَنْ أَبْنِ عُمَرَ، قَالَ قَطَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مِجَنٍ قِيمَتُهُ ثَلَاثَةُ دَرَاهِمَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَعْدٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَبْنِ عَبَّاسٍ وَأَبْيِ هُرِيرَةَ وَأَيْمَنَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبْنِ عُمَرَ حَدِيثُ حَسَنٍ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْهُمْ أَبُو بَكْرِ الصَّدِيقِ قَطَعَ فِي خَمْسَةِ دَرَاهِمَ . وَرُوِيَ عَنْ عُثْمَانَ وَعَلَيْهِ أَنَّهُمَا قَطَعاً فِي رُبْعِ دِينَارٍ . وَرُوِيَ عَنْ أَبِي هُرِيرَةَ وَأَبِي سَعِيدٍ أَنَّهُمَا قَالَا تُقطَعُ الْيَدُ فِي خَمْسَةِ دَرَاهِمَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ فُقَهَاءِ التَّابِعِينَ وَهُوَ قَوْلُ مَالِكِ بْنِ أَنَسٍ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ رَأَوَا الْقَطَعَ فِي رُبْعِ دِينَارٍ فَصَاعِدًا . وَقَدْ رُوِيَ عَنْ أَبْنِ مَسْعُودٍ أَنَّهُ قَالَ لَا قَطَعَ إِلَّا فِي دِينَارٍ أَوْ عَشَرَةِ دَرَاهِمَ . وَهُوَ حَدِيثُ مُرْسَلٍ رَوَاهُ الْقَاسِمُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبْنِ مَسْعُودٍ وَالْقَاسِمُ لَمْ يَسْمَعْ مِنْ أَبْنِ مَسْعُودٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ سُفيَّانَ الثُّورِيِّ وَأَهْلِ الْكُوفَةِ قَالُوا لَا قَطَعَ فِي أَقْلَى مِنْ عَشَرَةِ دَرَاهِمَ . وَرُوِيَ عَنْ عَلَيِّ أَنَّهُ قَالَ لَا قَطَعَ فِي أَقْلَى مِنْ عَشَرَةِ دَرَاهِمَ . وَلَيْسَ إِسْنَادُهُ بِمُتَّصِلٍ .

বাংলা

১৪৪৬। ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, একটি ঢাল চুরির দায়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (চোরের) হাত কাটার ভুক্ত দেন, যার মূল্য ছিল তিনি দিরহাম।

সহীহ, ইবনু মা-জাহ (২৫৮৪), নাসা-ঙ্গ

সাদ, আবদুল্লাহ ইবনু আমর, ইবনু আবাস, আবু হুরাইরা ও আইমান (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত

আছে। ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন। এ হাদীস মোতাবিক নবী সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নামের একদল অভিজ্ঞ সাহাবী আমল করেছেন। তাদের মধ্যে আবু বকর সিদীক (রাঃ) অন্তর্ভুক্ত। তিনি পাঁচ দিরহাম পরিমাণ চুরির দায়ে চোরের হাত কেটেছেন।

উসমান ও আলী (রাঃ) সম্বন্ধে বর্ণিত আছে যে, তারা দু'জনেই এক দীনারের এক-চতুর্থাংশ পরিমাণ চুরির দায়ে চোরের হাত কেটেছেন। আবু হুরাইরা ও আবু সাঈদ (রাঃ) প্রসঙ্গে বর্ণিত আছে যে, তারা উভয়ে বলেছেন, পাঁচ দিরহাম চুরি করলে হাত কেটে ফেলা বৈধ হবে। একদল ফিকহবিদ তাবিঙ্গ এই বক্তব্য গ্রহণ করেছেন। এই মতটি দিয়েছেন ইমাম মালিক ইবনু আনাস, শাফিউ, আহমাদ ও ইসহাক। তারা মনে, করেন এক। দীনারের এক-চতুর্থাংশ বা তার চেয়ে বেশি চুরি করলে হাত কাটা বৈধ হবে।

ইবনু মাসউদ (রাঃ) সম্পর্কে বর্ণিত আছে, তিনি বলেছেন, “এক দীনার অথবা দশ দিরহাম পরিমাণ চুরি করলেই কেবল হাত কাটা যাবে।” এটি মুরসাল হাদীস। এ হাদীসটি ইবনু মাসউদ (রাঃ)-এর নিকট হতে কাসিম ইবনু আবদুর রাহমান বর্ণনা করেছেন বলে উল্লেখ আছে। অর্থাৎ ইবনু মাসউদ (রাঃ)-এর নিকট কাসিম (রাহঃ) কিছুই শুনেননি।

এ হাদীস মোতাবিক একদল অভিজ্ঞ আলিম আমূল করেছেন। এই অভিমত দিয়েছেন সুফিয়ান সাওরী ও কুফাবাসীগণ। তারা বলেছেন, দশ দিরহামের কম পরিমাণ চুরিতে হাত কাটা বৈধ হবে না। আলী (রাঃ) হতেও বর্ণিত আছে যে, তিনি বলেছেন, দশ দিরহামের কম পরিমাণ চুরিতে হাত কাটা যাবে না। এর সনদ সূত্র মুসাফিল নয়।

English

Narrated Ibn 'Umar:

"The Messenger of Allah (ﷺ) cut the hand for a shield worth three Dirham."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হ্রসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ আবদুন্নাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=40266>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন